দৈনিক ইত্তেফাক

JUL 02 2002

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অভিযান

# এক জোড়া ছাত্র-ছাত্রী ও ২০ জোড়া বহিরাগত তরুণ-তরুণীকে আপত্তিকর অবস্থায় আটক

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল সোমবার দিনে-দুপুরে অভিযান চালিয়ে বহিরাগত ৮টি জুটিকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করা হয়েছে। সিনিয়র সহকারী প্রক্টর ফাতেমা বেগম, ডঃ সবুর মোল্লা, ডঃ নাজমুল আহসান কলিমউল্লাহ এবং সিদ্দিকুর রহমান বেলা ৩টার সময় কলা ভবনের ৩০২৮ নং কক্ষে আপত্তিকর অবস্থায় একজোড়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীকে আটক করে পরিচয়পত্র রেখে দেন। পরে কলা ভবনের তৃতীয়, চতুর্থ ও ৫ম তলায় অভিযান চালিয়ে অন্তত ২০ জোড়া (৫ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

তরুণ-তরুণীকে বিভিন্ন কক্ষ থেকে আটক করা হয়। আটককৃতদের মধ্যে অধিকাংশই বহিরাগত। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের কান ধরে ওঠা-বস করে বিদায় করে দিয়ে বহিরাগতদের পুলিশের হাতে দেয়া হয়। বহিরাগতদের মধ্যে বিভিন্ন ব্যাংকের চাকরিজীবী সাবেক ছাত্র এবং বেকার যুবক ছিল। গত রবিবার সন্ধ্যার পর অভিযান চালিয়ে ৪ জোড়া বহিরাগত জুটিকে আটক করা হয়। ক্যাম্পাস এলাকায় দিনে-দুপুরে এবং প্রকাশ্যে নেশাখোর, বহিরাগত তরুণ-তরুণী ও পতিতাদের উৎপাত বৃদ্ধি পাওয়ায় কয়েক মাস পূর্বে প্রক্টর অফিস এ অভিযান শুরু করে। বহিরাগত অভিযানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সহকারী প্রক্টরদের একটি মাইক্রোবাসও দিয়েছে বলে জানা যায়।